

ত্রিপুরা সরকার  
তথ্য ও সংস্কৃতি অধিকার

\*\*\*\*\*

স-৩৯৫৮(আগরতলা ২।১২)  
সোনামুড়া, ২ ডিসেম্বর, ২০২৩

**বিকশিত ভারত সংকল্প যাত্রা**

**নলছড় ব্লকের আমতলি বাজারে দু'দিনব্যাপী সুশাসন শিবির**

নলছড় ব্লকের আমতলি বাজার নাটমন্দিরে সম্প্রতি বিকশিত ভারত সংকল্প যাত্রা ও প্রতি ঘরে সুশাসন ২.০ অভিযানে দু'দিনব্যাপী সুশাসন শিবির অনুষ্ঠিত হয়েছে। শিবিরে সোনামুড়া মহকুমা প্রশাসনের পক্ষ থেকে ২৯টি ইনকাম, ৪৯টি পিআরটিসি, ১৮টি এসসি, ২টি এসটি, ১৭টি ওবিসি, ৮টি ম্যারেজ সার্টিফিকেট পাওয়ার আবেদনপত্র জমা রাখা হয়। বন দপ্তর থেকে ১৫০ জন সুবিধাভোগীকে গাছের চারা, সমাজকল্যাণ ও সমাজশিক্ষা দপ্তর থেকে ২ জন গর্ভবতী মাকে প্রধানমন্ত্রী মাত্ৰ বন্দনা যোজনায় আর্থিক সহায়তা ও ১ জনকে পোষণ কিটস দেওয়া হয়। তাছাড়াও স্বাস্থ্য দপ্তর থেকে ১৪২ জনকে স্বাস্থ্য পরীক্ষা করে বিনামূল্যে ঔষধ, ২০ জনকে চশমা এবং ৩৮ জনকে আভা কার্ড দেওয়া হয়। এছাড়াও কৃষি ও কৃষক কল্যাণ দপ্তর থেকে ৬ জনকে কেসিসি লোন ও ১৬ জন কৃষককে প্রধানমন্ত্রী কৃষি সন্মান নিধি যোজনায় অন্তর্ভুক্ত করা হয়।

\*\*\*\*\*